

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৪৩.০৭.০২৬.২৪ নথির বিষয়ঃ Repairing & maintenance of water line at Pagla Staff Quarters Compound, Dhaka WASA. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ Repairing & maintenance of water line at Pagla Staff Quarters Compound, Dhaka WASA. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৭/৬/২৪ ৬:৩৮ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার ভান্ডার বিভাগ সংলগ্ন পাগলাস্থ স্টাফ কোয়ার্টার্স-এ মোট ১২টি আবাসিক বিল্ডিং ও একটি মসজিদ রয়েছে। প্রতিটি বিল্ডিং ০৩ (তিন) তলা বিশিষ্ট এবং মোট ফ্ল্যাট সংখ্যা ৭৪ (চুয়াত্তর) টি। উক্ত কোয়ার্টার্সসমূহ ভান্ডার বিভাগ, পয়ঃশোধনাগার বিভাগ ও ঢাকা ওয়াসার কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীর বসবাসের জন্য দীর্ঘদিন পূর্বে নির্মাণ করা হয়েছিল। বিশেষকরে পাগলাস্থ ভান্ডার বিভাগ ও পয়ঃশোধনাগার বিভাগ এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য কোয়ার্টার্সসমূহ খুবই গুরুত্বপূর্ণ। উক্ত কোয়ার্টার্সসমূহে বসবাসকারী এ্যালোটগণ নানাবিধ প্রতিকূলতা মোকাবিলা করে বসবাস করছেন। বিশেষ করে বিভিন্ন কলকারখানার সিসিযুক্ত কালো ধোয়া, ধুলাবালি ও চোরের উপদ্রব। ভূগর্ভস্থ জলাধার ও পানির সরবরাহ লাইনসমূহ সচল না থাকায় কোয়ার্টার্সসমূহে বসবাসকারীগণ চাহিদামাফিক পানি পাচ্ছেন না। ঢাকা মহানগরীতে পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কাজে নিয়োজিত কর্মচারীগণ নিজ বাসায় তাঁদের পরিবার পরিজন নিয়ে পানির কষ্টে আছেন, এটা অত্যন্ত কষ্টদায়ক। কোয়ার্টার্সসমূহে পানির সমস্যা দূরীকরণার্থে ভূগর্ভস্থ জলাধার এর ইনলেট লাইনে গেট ভাল্ভ, ফ্লোট ভাল্ভ, নন রিটার্ন ভাল্ভসহ আনুষঙ্গিক মেরামত কাজ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৭/৬/২৪ ৬:৩৮ অপরাহ্ন

উপর্যুক্ত বর্ণনার Repairing & maintenance of water line at Pagla Staff Quarters Compound, Dhaka WASA কাজটি করার জন্য পিডব্লিউডি-২০২২ সালের রেট সিডিউল অনুসরণে ১টি প্রাক্কলন তৈরি করা হল (সংযুক্তি-২)। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে **৳ ২৪,৬০০.০০ (চব্বিশ হাজার ছয়শত)** টাকা মাত্র। উক্ত ব্যয় ভান্ডার রক্ষণাবেক্ষণ খাত (কোডঃ ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি জরুরী ও স্বল্প মূল্যের পণ্য হিসেবে পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রীম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। ২০২৩-২৪ অর্থ বছরের ভান্ডার বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় কাজের জন্য “থোক বরাদ্দ” ধরা আছে (সংযুক্তি-১, ক্রমিক-৬২)।

সংযুক্তিসমূহ (৩):



১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।

২। Calculation Sheet.

৩। প্রাক্কলন।


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৭/৬/২৪ ৬:৩৮ অপরাহ্ন

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুযায়ী স্বল্প মূল্যের পণ্য হিসেবে সরাসরি নগদে ক্রয়ের লক্ষ্যে Repairing & maintenance of water line at Pagla Staff Quarters Compound, Dhaka WASA কাজ বাবদ **৳ ২৪,৬০০.০০ (চব্বিশ হাজার ছয়শত)** টাকা মাত্র অনুমোদনের জন্য উপস্থাপন করা হল। আলোচ্য কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

 ২৭/৬/২৪ ৬:৪৩ অপরাহ্ন মোঃ দেলোয়ার হোসাইন উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	 ২৭/৬/২৪ ৭:৩১ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	 ৩০/৬/২৪ ১২:৪২ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	 ৩০/৬/২৪ ১২:৪২ অপরাহ্ন মুত্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	--	---	--

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/৬/২৪ ২:৪৪ অপরাহ্ন

Okay

 ৩০/৬/২৪ ২:৪৪ অপরাহ্ন মুত্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ৩০/৬/২৪ ৩:২৯ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	 ৩০/৬/২৪ ৩:২৯ অপরাহ্ন মোঃ দেলোয়ার হোসাইন উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ
---	--	--

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা